জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
কর্মচারী প্রশাসন বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
www.jbc.gov.bd

সুখে-দুখে আপনজন, জীবন বীমা কর্পোরেশন — বীমাকৃত জীবন নিরাপদ জীবন

স্মারকঃ ৫৩.১৯.৯০০১.০০২.১১.০৫৭.২২- ৫৪৫ — তারিখ: ২৭ এপ্রিল, ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

জীবন বীমা কর্পোরেশনে নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের নিমিত্ত আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম, জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	সহকারী ম্যানেজার গ্রেড-৯ (টাঃ ২২,০০০-৫৩,০৬০/-)	৫৯টি	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সম্মানসহ ২য় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি। তবে অর্থনীতি, গণিত, পরিসংখ্যান, ব্যবসায় প্রশাসন ও বাণিজ্য বিষয়ে ডিগ্রিপ্রাপ্তরা অগ্রাধিকার পাবেন। (চার বছর মেয়াদি অনার্স ডিগ্রি, ৩ বছর মেয়াদী অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রির সমতুল্য হিসেবে গণ্য হবে)।

<u>আবেদনকারীদের জন্য ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে অনুসরণীয় শর্তাবলি:</u>

১. আগ্রহী প্রার্থীগণকে অবশ্যই ওয়েবসাইট (http://jbc.teletalk.com.bd)-এর মাধ্যমে নির্ধারিত আবেদনপত্র পূরণ করে online এ রেজিস্ট্রেশন ও ফি জমাদান কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি ও প্রদত্ত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করে আবেদন করতে হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

২. আবেদনকারীর বয়স:
(ক) ০১ এপ্রিল, ২০২২ তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং অনূর্ধ্ব ৩০ বছর।
(খ) শারীরিক প্রতিবন্ধি ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর।
(গ) বয়স সম্পর্কিত কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার সার্টিফিকেটে লিপিবদ্ধ জন্ম তারিখ গ্রহণযোগ্য হবে।
(ঘ) বিভাগীয় প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য।

৩. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণ অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আবেদন করতে হবে। অনুমতির মূল কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।

৪. আবেদনের সময় বিভাগীয় প্রার্থী (জীবন বীমা কর্পোরেশনে কর্মরত) কর্তৃক বিভাগীয় প্রার্থীর তথ্য উল্লেখপূর্বক অবশ্যই আবেদনের সংশ্লিষ্ট অংশ পূরণ করতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

৫. আবেদনের সময়সীমা:
(ক) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮-০৫-২০২২ খ্রিঃ, সকাল: ১০.০০ ঘটিকা।
(খ) আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ৩১-০৫-২০২২ খ্রিঃ, বিকেল: ০৫.০০ ঘটিকা পর্যন্ত।
(গ) নির্ধারিত সময়সীমার মধ্যে সরকারি ছুটির দিনসহ ২৪ ঘন্টা অনলাইনে আবেদন ও ফি জমা করা যাবে।

৬. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ প্রত্যেক প্রার্থীকে ৫০০/- (পাঁচশত) টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৬০/- (ষাট) টাকা সহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) জমা দিতে হবে।

৭. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক দুই মাসের মধ্যে তোলা রঙিন ছবি (৩০০×৩০০পিক্সেল) সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষর (৩০০×৮০ পিক্সেল) সর্বোচ্চ 60 KB Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটার স্ক্রিনে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID এবং ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে ২(দুই)টি SMS করে পরীক্ষার ফি (৬ নং শর্তানুসারে) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: JBC<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে। Example: JBC ABCDEF send to **16222**
Reply: Applicant's Name, **Tk-560** will be charged as application fee.
Your PIN is **12345678** to pay fee, type JBC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: JBC<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JBC Yes 12345678 send to **16222.**
Reply: Congratulations! Applicant's Name, payment. completed successfully for examination fee.
User ID is (xxxxxxxx) and password (xxxxxxxx).
দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এ Password পাবেন। এই Password টি প্রবেশপত্র (Admit Card) Download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

৮. **প্রবেশপত্র** প্রাপ্তির বিষয়টি http://jbc.teletalk.com.bd এ ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে যথাসময়ে জানানো হবে।

৯. প্রার্থীকে তার User ID ও Password ব্যবহার করে ছবি ও স্বাক্ষর সংবলিত প্রবেশপত্র (Admit Card) Download করতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।

১০. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী কালার প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

১১. **টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন** থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

User ID জানা থাকলে JBC<space>**Help**<space>**User**<space>**User ID** & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **JBC Help User ABCDEF** & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
PIN Number জানা থাকলে JBC<space>Help<space>PIN<>PIN No & Send করতে হবে ১৬২২২ নম্বরে।
Example: JBC Help PIN 12345678 & Send করতে হবে ১৬২২২ নম্বরে।

১২. JBC নিয়োগ পরীক্ষা,২০২২ এর বিজ্ঞপ্তি, online-এ আবেদনপত্র পূরণ ও SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইট (http://jbc.teletalk.com.bd) ও কর্পোরেশনের নিজস্ব ওয়েবসাইট www.jbc.gov.bd-এ পাওয়া যাবে।

১৩. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষার পর কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের দুই মাসের মধ্যে তোলা রঙিন ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ-এর কপি, মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকৃতদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র (সর্বশেষ পরিপত্র অনুযায়ী), মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক সম্বলিত প্রত্যয়ন এবং অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রের ১(এক) সেট মূল কপি ও ১(এক) সেট ফটোকপি(সত্যায়িত) সহ online-এ আবেদনের প্রিন্ট কপি (Applicant's Copy) মৌখিক পরীক্ষার দিন মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১(এক) ঘন্টা পূর্বে দাখিল করতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ সংক্রান্ত নির্দেশনা পরবর্তীতে পত্রিকায়, কর্পোরেশনের নিজস্ব ও আবেদন সংশ্লিষ্ট ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

১৪. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে ১২১ নাম্বারে কল করুন অথবা vas.query@teletalk.com.bd এবং malekjbc71@gmail.com এ ইমেইল করুন; (Mail এর subject এ Organization Name :JBC, Post Name: ********, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

১৫. প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১৬. কর্তৃপক্ষ যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তির শর্তের সাথে সাংঘর্ষিক আবেদনপত্র এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মালেক মিয়া)
ম্যানেজার-প্রশাসন
ও
সদস্য-সচিব, বাছাই কমিটি